# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩১৮

১/ বিবিধ

আরবী

لكل شيء زكاة وزكاة الدار بيت الضيافة ".
موضوع

عزاه السيوطي في " الجامع الصغير " للرافعي عن ثابت، وذكره في " ذيل الأحاديث الموضوعة " (ص 114) من رواية ابن أبي شريح في جزء ميني كذا ولعله بيبى حدثنا أحمد بن عثمان النهرواني، حدثني عبد الله بن عبد القدوس أبو صالح الكرخي، حدثنا عاصم بن علي، حدثنا شعبة عن ثابت عن أنس مرفوعا، وقال السيوطي: أورده أبو سعيد النقاش في " الموضوعات "، وقال: وضعه أحمد أو شيخه، وأقره في " الميزان " (1 / 118) وأورده الجوزجانى في " الأباطيل " (2 / 64) وقال: حديث منكر، وعبد الله بن عبد القدوس مجهول
قلت: لكن له طريق أخرى عن ثابت، رواه ابن عساكر (14 / 13 / 2) عن أبي طالب عيسى بن محمد الباقلاني بسنده الصحيح عن حماد بن سلمة عن ثابت به، ساقه في ترجمة الباقلاني هذا ولم يذكر فيه جرحا ولا تعديلا فهو آفته والله أعلم
قلت: ثم وجدت له طريقا ثالثة عن أنس أخرجه السهمي في " تاريخ جرجان " (363) عن ابن عدي حدثني محمد بن القاسم بن شريح أبو سعيد بجرجان حدثنا العباس بن محمد الدامغاني حدثنا علي بن الحسين الكوفي حدثنا عقبة بن الزبير حدثنا علي بن عاصم عن حميد الطويل عن أنس به، أورده في ترجمة محمد بن القاسم هذا ولم يذكر فيه جرحا ولا تعديلا وابن عاصم ضعيف وعلي بن الحسين رافضي

বাংলা

৩১৮। প্রতিটি বস্তুর যাকাত রয়েছে, আর বাড়ীর যাকাত হচ্ছে মেহমানদের জন্য (তৈরিকৃত) ঘর।

হাদীসটি জাল।

এটিকে সুয়ূতী “জামেউস সাগীর” গ্রন্থে উল্লেখ করেছেন, “যায়লুল আহাদীসিল মাওযুআহ” গ্রন্থেও (পৃঃ ১১৪) ইবনু আবী শুরাইহ-এর বর্ণনা হতে উল্লেখ করে বলেছেনঃ এটিকে সাঈদ আন-নাক্কাশ “মাওযু’আত” গ্রন্থে উল্লেখ করেছেন, অতঃপর বলেছেনঃ হাদীসটি আহমাদ ইবনু উসমান আন-নাহরাওয়ানী অথবা তার শাইখ আব্দুল্লাহ ইবনু আবদিল কুদ্দুস আবু সালেহ কারখী জাল করেছেন। । তার এ বক্তব্যকে যাহাবী “আল-মীযান” গ্রন্থে (১/১১৮) সমর্থন করেছেন।

জুযকানী হাদীসটি তার "আল-আবাতীল" গ্রন্থে (২৬৪) উল্লেখ করে বলেছেনঃ হাদীসটি মুনকার, আব্দুল্লাহ ইবনু আবদিল কুদ্দুস মাজহুল।

হাদীসটি আরো দুটি সূত্রে বর্ণিত হয়েছে। কিন্তু সে দুটির সনদও সমস্যা জর্জরিত। একটির সনদে আবু তালিব ঈসা ইবনু মুহাম্মাদ বাকিল্লানী রয়েছেন। তার সম্পর্কে ভাল-মন্দ কিছুই উল্লেখ করা হয়নি। তিনিই হচ্ছেন এ সনদের সমস্যা।

অন্য সূত্রটিতে মুহাম্মাদ ইবনুল কাসিম আছেন। তার সম্পর্কেও ভাল-মন্দ কিছুই উল্লেখ করা হয়নি। আরো আছেন আলী ইবনুল হুসাইন আল-কূফী। তিনি হচ্ছেন রাফেযী এবং আলী ইবনু আসেম দুর্বল বর্ণনাকারী।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5577

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন